# সনাক ফরিদপুরের উদ্যোগে স্বাধীনতা দিবস উদ্‌যাপন

'স্বাধীনতার গৌরবময় চল্লিশ : চাই সুশাসন-দুর্নীতি প্রতিরোধ'–এ আহ্বানকে সামনে রেখে স্বাধীনতার ৪০ বছর পালন উপলক্ষে ২৯ মার্চ ২০১১, মঙ্গলবার, ফরিদপুরে শুরু হয়েছে দুই দিনব্যাপী মুক্তিযুদ্ধভিত্তিক প্রদর্শনী, স্মৃতিচারণ, সাংস্কৃতিক অনুষ্ঠান ও চলচ্চিত্র প্রদর্শনী।

টিআইবি'র সচেতন নাগরিক কমিটি (সনাক), ফরিদপুর এ অনুষ্ঠানের আয়োজন করে। স্থানীয় অম্বিকা ময়দান ও ময়দানসংলগ্ন হলে সন্ধ্যায় এ অনুষ্ঠান উদ্বোধন করেন বীরশ্রেষ্ঠ মতিউর রহমানের স্ত্রী মিলি রহমান। সনাক ফরিদপুর-এর আহ্বায়ক প্রফেসর আলতাফ হোসেন-এর সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য দেন ট্রান্সপারেন্সি ইন্টান্যাশনাল বাংলাদেশ(টিআইবি)'র আউটরিচ এন্ড কমিউনিকেশন বিভাগের পরিচালক এস.এম রেজওয়ান-উল-আলম, মিলি রহমান এর বড় বোন রোজি কুদ্দুস, বীরশ্রেষ্ঠ মতিউর রহমান কল্যাণ ট্রাস্ট এর সাধারণ সম্পাদক মোহাম্মদ ইমদাদুল হক এবং তথ্য ও গবেষণা সম্পাদক এম এ হালিম। অনুষ্ঠানে মিলি রহমান মুক্তিযুদ্ধের স্মৃতিচারণের পাশাপাশি উপস্থিত শিশু শ্রোতাদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন। তিনি বলেন স্বাধীনতার চল্লিশ বছর পরেও আমরা কাঙ্খিত স্বদেশ পাইনি। দুর্নীতিসহ বিভিন্ন অপকর্ম স্বপ্নের দেশ গড়তে বাধা হয়ে দাড়িয়েছে। বর্তমান প্রজন্মের উদ্দেশ্যে তিনি বলেন, 'তোমরা যদি মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হও এবং দেশকে সত্যিকার অর্থে ভালবাসতে শেখ, তাহলে দেশ থেকে দুর্নীতিসহ সকল অপকর্ম দুর করা সম্ভব হবে।' এ আগে শহরের বিভিন্ন স্কুলে বীরশ্রেষ্ঠ মতিউর রহমান-এর জীবনীভিত্তিক ছবি প্রদর্শন করা হয়। এ ছবি দেখে প্রায় এক হাজার ছাত্র-ছাত্রী তাদের অনুভুতি ব্যক্ত করে বীরশ্রেষ্ঠ মতিউর রহমান-এর স্ত্রী মিলি রহমানকে চিঠি লেখে এবং সেগুলো তাঁর কাছে পৌঁছে দেওয়া হয়েছিল। তিঁনি বলেন জীবনে বহু পুরস্কার তিঁনি পেয়েছেন তবে এ চিঠিগুলো তাঁর জীবনের সর্বশ্রেষ্ঠ পুরস্কার। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন সনাক সদস্য মিসেস খাদিজা বেগম মনি এবং সঞ্চালনায় ছিলেন সনাক সদস্য শিপ্রা গোস্বামী।

অম্বিকা ময়দান ও হলে প্রদর্শনীতে মুক্তিযুদ্ধের সুচনালগ্ন থেকে বিজয় অর্জন পর্যন্ত বিভিন্ন আলোকচিত্র, পোস্টার, মুক্তিযুদ্ধবিষয়ক বই, দলিলসহ প্রায় সহস্র উপকরণের সমাহার ঘটে। এছাড়া ফরিদপুরের বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রীদের আঁকা ছবি, দেয়াল পত্রিকা এবং বিভিন্ন রঙে ও ভাবে 'স্বাধীনতা' শব্দটি লেখা প্রদর্শন করা হয়। বিভিন্ন স্কুল-কলেজের ছাত্র-ছাত্রী, অভিভাবকসহ নানা স্তরের হাজার হাজার দর্শক এ প্রদর্শনী উপভোগ করে।

অনুষ্ঠানের দ্বিতীয় দিনে বীর শ্রেষ্ঠ মুন্সি আব্দুর রউফ এর মাতা মকিদুন্নেছা উপস্থিত হয়ে স্মৃতিচারণ করবেন এবং আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন চলচ্চিত্রকার তারেক মাসুদ তাঁর মুক্তিযুদ্ধভিত্তিক তথ্যচিত্র 'মুক্তির কথা' প্রদর্শন করবেন।